জেলা প্রশাসন, দিনাজপুর কর্তৃক পরিচালিত

**দিনাজপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, দিনাজপুর**

মিশন রোড, সদর, দিনাজপুর।

EIIN: 135323, School Code: 8111

# নিয়োগ বিজ্ঞপ্তি

জেলা প্রশাসন, দিনাজপুর কর্তৃক পরিচালিত দিনাজপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজ এ নিম্নবর্ণিত পদ সমূহে মাধ্যমিক শাখায় চুক্তিভিত্তিক সহকারী শিক্ষক ও এমপিও শুন্য পদে অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, আয়া ও নৈশ্য প্রহরী নিয়োগের জন্য পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতাসম্পন্ন ও আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা হচ্ছে–

| পদের নাম ও সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | বয়স | অভিজ্ঞতা | বেতন |
|---|---|---|---|---|
| সহকারী শিক্ষক(চুক্তিভিত্তিক)<br>পদার্থ - ০১<br>গণিত - ০১<br>ইংরেজি-০১ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে চার বছর মেয়াদী সম্মানসহ স্নাতক/স্নাতকোত্তর ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএ থাকতে হবে। | অনুর্ধ্ব ৩৫ বছর | অধিকতর শিক্ষাগত যোগ্যতা, বিএড ও কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার দেয়া হবে। | সর্বসাকুল্যে ১২,৫০০/- (বারো হাজার পাঁচশত টাকা) প্রদান করা হবে। |
| অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-০১ | শিক্ষাবোর্ড হতে এইচ.এস.সি./সমমান সহ সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে ০৬ (ছয়) মাস মেয়াদি কম্পিউটার ডিপ্লোমাধারী হতে হবে।<br>সমগ্র শিক্ষাজীবনে ০১ (এক) টির বেশি ৩য় বিভাগ/শ্রেণি অথবা সমমান জিপিএ/সিজিপিএ গ্রহণযোগ্য হবে না। | ন্যূনতম ১৮ বছর অনুর্ধ্ব ৩৫ বছর | - | গ্রেড-১৬<br>৯৩০০-২২৪৯০/- |
| আয়া—০১<br>নৈশপ্রহরী-০১ | এসএসসি/দাখিল/সমান | ন্যূনতম ১৮ বছর অনুর্ধ্ব ৩৫ বছর | - | গ্রেড-২০<br>৮২৫০-২০০১০/- |

শর্তাবলি :

০১. আবেদনকারীকে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, যোগাযোগের ঠিকানা, জন্ম তারিখ, বয়স, জাতীয়তা, ধর্ম, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে), মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখপূর্বক স্ব-হস্তে লিখিত আবেদনপত্র পত্রিকা প্রকাশের তারিখ হতে ১৫ (পনেরো) দিনের মধ্যে (ছুটির দিন ব্যতীত) নিম্ন স্বাক্ষরকারীর বরাবর অফিস চলাকালীন ডাকযোগে অথবা সরাসরি দিনাজপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, দিনাজপুর পৌঁছাতে হবে এবং খামের উপর পদের নাম লিখতে হবে।

০২. আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে—

ক) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রসমূহের সত্যায়িত অনুলিপি।

খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত রঙিন ছবি।

গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।

০৩. শিক্ষক পদের জন্য অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা ও অন্যান্য পদের জন্য ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সভাপতি, দিনাজপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজ, দিনাজপুর বরাবর সংযুক্ত করতে হবে।

০৪. চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৫. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

০৬. প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০৭. কর্তৃপক্ষ অস্থায়ীভিত্তিতে (চুক্তিভিত্তিক) নিয়োগপ্রাপ্ত সহকারী শিক্ষকদের চাকরি পরবর্তীতে স্থায়ীকরণের নিশ্চয়তা প্রদান করবে না।

০৮. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবে না।

মোঃ আখের আলী

প্রধান শিক্ষক(ভারপ্রাপ্ত)

দিনাজপুর কালেক্টরেট স্কুল এন্ড কলেজ